

# Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 20 April, 2025

কক্সবাজারের চকরিয়ায় ব্যবসায়ী জিয়া উদ্দিন কাজলকে বস্তাবন্দি জীবিত অবস্থায় উদ্ধার করেছে পুলিশ। সিএনজিচালিত অটোরিকশায় তুলে নিয়ে অপহরণের ১৪ দিন পর তাকে উদ্ধার করেছে চকরিয়া থানা পুলিশ।

রবিবার (২০ এপ্রিল) সকাল ৮টার দিকে উপজেলার বানিয়ারছড়ার এলাকা থেকে তাকে উদ্ধার করা হয়।

এর আগে গত ৬ এপ্রিল রাত ৮ টার দিকে উপজেলার খুটাখালীস্থ কেন্দ্রীয় জামে মসজিদের সামনে থেকে তাকে অপহরণ করা হয়েছিল।

উদ্ধার হওয়া ওই ব্যবসায়ী জিয়া উদ্দিন কাজল উপজেলার খুটাখালী ইউনিয়নে ৩ নম্বর ওয়ার্ডের হেতালিয়া গ্রামে মৃত নুর হোসেনের ছেলে।

এ ঘটনায় অপহৃত জিয়া উদ্দিন কাজলের স্ত্রী নুসরাত জাহান বাদী হয়ে গত ৯ এপ্রিল চকরিয়া থানায় শিবির আহমদ (৫০) কে প্রধান আসামি করে মো. সালাহ উদ্দিন (৩৬), মো. আলী প্র: আলী আহমদ (৪৫), মো. মিন্টু (৪০) সহ অজ্ঞাত আরও ৩-৪ জনের বিরুদ্ধে থানায় একটি মামলা দায়ের করেন।

চকরিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শফিকুল ইসলাম জানিয়েছেন,, গত ৬ এপ্রিল রাত সাড়ে ৮ টার দিকে কাজলকে খুটাখালী বাজার থেকে পূর্ব শত্রতার জেরে পরিকল্পিতভাবে অস্ত্র মুখে জিম্মি করে ২টি অজ্ঞাত নাম্বারের মোটরসাইকেল ও একটি সিএনজি অটোরিকশায় তুলে নিয়ে যায় কাজলকে। এই ঘটনায় কাজলের স্ত্রী বাদী হয়ে চকরিয়া থানায় একটি মামলা দায়ের করেন। এর পরে পুলিশের ব্যাপক নজরদারি ও অভিযানে কাজলকে অপহরণকারীরা ছেড়ে পালিয়েছে। তাকে অক্ষত অবস্থায় উদ্ধার করতে সক্ষম হয়েছি।

পুলিশ অপহরণ বস্তাবন্দি উদ্ধার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 04:30

URL: <https://timestodaybd.com/chittagong/1140775807>